



# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

## পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. একেএম নুরুজ্জামান  
সভার তারিখ : ১৪ অক্টোবর ২০২০  
সময় : ১০:০০ ঘটিকা  
সভার স্থান : রুম নং-১২৫০, পিকেএসএফ ভবন  
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট- 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভা শুরু করেন। শুরুতেই গত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। গত সভায় গৃহীত সুপারিশসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। পিকেএসএফ-এর সার্বিক কার্যক্রমে কোভিডকালীন নেতিবাচক প্রাদুর্ভাব প্রশমিতকরণে তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনী প্রক্রিয়াকে প্রাধান্য দিয়ে ইনোভেশন টিমকে আরো গতিশীলকরণে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

### আলোচ্য বিষয়-১: ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের তালিকা প্রস্তুতকরণ

সভার শুরুতেই সভাপতি মহোদয় পিকেএসএফ-এর গত দিনের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করেন এবং চলমান কোভিড-১৯ প্রেক্ষিতে পিকেএসএফ-এর মাঠ পর্যায়ে বাস্তবায়িত সকল কার্যক্রম কি প্রক্রিয়ায় বিশ্বাস্য সংস্থা ও সরকারি নির্দেশনা থ্রি সি (Close-contact, Crowded places & closed spaces) অনুসরণ করে তথ্যপ্রযুক্তিভিত্তিক উদ্ভাবনী ধারণা প্রয়োগ করে নিবিড় পরিবীক্ষণ করা যায় সে বিষয়ে আলোচনা করার পরামর্শ প্রদান করেন। ২০২০-২১ অর্থবছরে উদ্ভাবন সংক্রান্ত বিষয়ে পিকেএসএফ-এর কর্মকর্তাদের মতামত চাওয়া হয়। এ প্রেক্ষিতে উপস্থিত টিম সদস্যগণ পিকেএসএফ-এর প্রধান কার্যালয় থেকে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিবীক্ষণে তথ্য ও প্রযুক্তিভিত্তিক উদ্ভাবনী উদ্যোগ হিসাবে “জিপিএস মনিটরিং এ্যাপ্লিকেশন”-এর ধারণা উত্থাপন করেন এবং এ সংক্রান্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

### আলোচ্য বিষয়-২: ২০২০-২১ অর্থবছরে পিকেএসএফ-এর ইনোভেশন কর্মকাণ্ডে করণীয়।

বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর আওতাধীন নতুন উদ্যোগ স্বরূপ “ জিপিএস মনিটরিং এ্যাপ্লিকেশন” বিষয়ে নিম্নোক্ত সুপারিশ গৃহীত হয়:

ক) ২০২০-২১ অর্থবছরের কর্ম-পরিকল্পনায় গৃহীত “জিপিএস মনিটরিং এ্যাপ্লিকেশন” সম্পর্কে “বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ” বিষয়ে একটি প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য আগামী ২০/১০/২০২০ তারিখের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপনের জন্য জনাব মোঃ তারিকুল আলম, ব্যবস্থাপক (আইটি), পিকেএসএফ এবং সদস্য, ইনোভেশন কমিটি-কে পরামর্শ প্রদান করা হয়।

পিকেএসএফ ভবন, ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৬৯; ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮; ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org




# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

আলোচ্য বিষয়-৩: ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্ম পরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রসঙ্গে

সভায় ২০২০-২১ অর্থবছরের এফআইডি-এ দাখিলকৃত কর্ম-পরিকল্পনা মোতাবেক কর্মকাণ্ড বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয় এবং সকলকে উক্ত পরিকল্পনা নির্দিষ্ট তারিখের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সুপারিশসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. একেমুর রহমান)  
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও  
ইনোভেশন অফিসার

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। ইনোভেশন কমিটির সকল সদস্য
- ২। সকল কর্মকর্তা-কর্মচারী (ল্যানের মাধ্যমে)
- ৩। সংশ্লিষ্ট নথি।

পিকেএসএফ ভবন, ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯; ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮; ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org